



মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

সন্তোষ, টাঙ্গাইল-১৯০২।

ওয়েবসাইট: www.mbstu.ac.bd

তারিখ : ২৩ অগ্রহায়ণ ১৪২৮
০৮ ডিসেম্বর ২০২১

২০২০-২০২১ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (ইঞ্জি:/সম্মান), বি.বি.এ. ও বি.ফার্ম. প্রফেশনাল প্রোগ্রামে

ভর্তি বিজ্ঞপ্তি

মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে ২০২০-২০২১ শিক্ষাবর্ষে ৪ (চার) বছর মেয়াদি স্নাতক (ইঞ্জি:/সম্মান), বি.বি.এ. ও ৫ (পাঁচ) বছর মেয়াদি বি.ফার্ম. প্রফেশনাল প্রোগ্রামে GST গুচ্ছভুক্ত ভর্তি পরীক্ষার ফলাফলপ্রাপ্ত শিক্ষার্থীদের নিকট হতে ১ম বর্ষ ১ম সেমিস্টারে ভর্তির জন্য অনলাইনে আবেদন আহ্বান করা যাচ্ছে। অনলাইনে ভর্তির আবেদনের লিংক বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে (www.mbstu.ac.bd) পাওয়া যাবে এবং সরাসরি mbstu-admission.net ওয়েবসাইটে আবেদন করা যাবে। আবেদন ফি ৬০০/- (ছয়শত) টাকা বিকাশ (bKash)/রকেট (www.rakete.com)/নগদ (Nagad)/DBBL পেমেট গেটওয়ের মাধ্যমে গ্রহণ করা হবে।

আবেদনের সময়সীমা: ১১/১২/২০২১ সকাল ১০:০০ হতে ৩১/১২/২০২১ রাত ১১:৫৯ পর্যন্ত (যেকোনো দিন যেকোনো সময়)।

১। GST গুচ্ছভুক্ত ভর্তি পরীক্ষায় A, B, C ইউনিটের অর্ন্তভুক্ত বিভিন্ন অনুষদের বিভাগ সমূহের জন্য নির্ধারিত আসন সংখ্যা নিম্নরূপ:

অনুষদ	বিভাগ	আসন সংখ্যা	
ইঞ্জিনিয়ারিং অনুষদ	কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং (সিএসই)	৫৫	
	ইনফরমেশন এন্ড কমিউনিকেশন টেকনোলজি (আইসিটি)	৫৫	
	টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং (টিই)	৬০	
লাইফ সায়েন্স অনুষদ	এনভায়রনমেন্টাল সায়েন্স এন্ড রিসোর্স ম্যানেজমেন্ট (ইএসআরএম)	৫৫	
	ক্রিমিনোলজি এন্ড পুলিশ সায়েন্স (সিপিএস)	৬০	
	ফুড টেকনোলজি এন্ড নিউট্রিশনাল সায়েন্স (এফটিএনএস)	৫৫	
	বায়োটেকনোলজি এন্ড জেনেটিক ইঞ্জিনিয়ারিং (বিজিই)	৫০	
	ফার্মেসী	৩৫	
	বায়োকেমিস্ট্রি এন্ড মলিকুলার বায়োলজি (বিএমবি)	৩৫	
সয়েন্স অনুষদ	রসায়ন	৫৫	
	গণিত	৬০	
	পদার্থবিজ্ঞান	৫৫	
	পরিসংখ্যান	৬০	
সোশ্যাল সায়েন্স অনুষদ	অর্থনীতি	A ইউনিট এর জন্য	২২
		B ইউনিট এর জন্য	২২
		C ইউনিট এর জন্য	১৬
বিজনেস স্টাডিজ অনুষদ	হিসাববিজ্ঞান	A ইউনিট এর জন্য	০৮
		B ইউনিট এর জন্য	০৩
		C ইউনিট এর জন্য	১৯
	ব্যবস্থাপনা	A ইউনিট এর জন্য	০৮
		B ইউনিট এর জন্য	০৩
		C ইউনিট এর জন্য	১৯

২। GST গুচ্ছভুক্ত ভর্তি পরীক্ষায় অংশগ্রহণকারী প্রত্যেক শিক্ষার্থী শুধুমাত্র একটি আবেদনের মাধ্যমেই এ বিশ্ববিদ্যালয়ে নিজস্ব ইউনিট ছাড়াও অন্য ইউনিটে উপরে উল্লেখিত আসন সংখ্যা এবং নিম্নোক্ত শর্তানুসারে ভর্তির জন্য বিবেচিত হবে।

৩। ইঞ্জিনিয়ারিং অনুষদ, লাইফ সায়েন্স অনুষদ ও সায়েন্স অনুষদের ক্ষেত্রে নিম্নলিখিত শর্তাবলী প্রযোজ্য হবে।

- GST ভর্তি পরীক্ষায় প্রার্থীকে হিসেবে গণিত ও জীব বিজ্ঞান বিষয়ে উত্তর প্রদান করলে এ বিশ্ববিদ্যালয়ের ইঞ্জিনিয়ারিং, লাইফ সায়েন্স ও সায়েন্স অনুষদের সকল বিভাগে আবেদন করতে পারবে।
- GST ভর্তি পরীক্ষায় প্রার্থীকে হিসেবে জীব বিজ্ঞান ও আইসিটি বিষয়ে উত্তর প্রদান করলে এ বিশ্ববিদ্যালয়ের লাইফ সায়েন্স অনুষদের সকল বিভাগে আবেদন করতে পারবে।
- GST ভর্তি পরীক্ষায় প্রার্থীকে হিসেবে গণিত ও আইসিটি বিষয়ে উত্তর প্রদান করলে এ বিশ্ববিদ্যালয়ের ইঞ্জিনিয়ারিং ও সায়েন্স অনুষদের সকল বিভাগে আবেদন করতে পারবে।
- লাইফ সায়েন্স অনুষদের আওতাধীন ফার্মেসী বিভাগে আবেদন করতে হলে এইচএসসিতে গণিত বিষয়ে কমপক্ষে ৬০ পয়েন্ট ২.০০ থাকতে হবে।

৪। আবেদনকারীর GST গুচ্ছভুক্ত ভর্তি পরীক্ষায় প্রাপ্ত নম্বর, এসএসসি/সমমান পরীক্ষায় প্রাপ্ত জিপিএ হতে ৪০% (চতুর্থ বিষয়সহ) ও এইচএসসি/সমমান পরীক্ষায় প্রাপ্ত জিপিএ হতে ৬০% (চতুর্থ বিষয়সহ) গণনা করে বিভাগসমূহের নির্ধারিত শর্তসমূহের ভিত্তিতে মেধা তালিকা প্রকাশ করা হবে।

৫। মুক্তিযোদ্ধা/উপজাতি/পোষ্য কোটা বিভাগভিত্তিক এবং বিকেএসপি কোটা অনুষদভিত্তিক বিধিমোতাবেক সংরক্ষণ করা হবে। কোটায় উপযুক্ত প্রার্থী পাওয়া না গেলে উক্ত আসনসমূহ শূন্য থাকবে। বিকেএসপি কোটায় শুধুমাত্র বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান (বিকেএসপি) থেকে এইচএসসি/সমমান পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীরা আবেদন করতে পারবে। কোটার স্বপক্ষে ভর্তিযোগ্য শিক্ষার্থীকে উপযুক্ত সনদের কপি সাক্ষাৎকারের সময় দাখিল করতে হবে। কোটায় ভর্তিচ্ছু প্রার্থীদের আবেদনের সময় অবশ্যই কোটার ধরন উল্লেখ করতে হবে।

৬। অনলাইনে ভর্তির আবেদন ও সংশ্লিষ্ট বিষয়ে সর্বশেষ তথ্য এ বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে (www.mbstu.ac.bd) পাওয়া যাবে।

বিশেষ দ্রষ্টব্য : ভর্তি সংক্রান্ত নীতিমালার যেকোনো পরিবর্তন, সংশোধন, সংযোজন, বিয়োজন ও পুনঃসংযোজনের অধিকার বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

মোঃ মাকসুদুর রহমান

ডেপুটি রেজিস্ট্রার (একাডেমিক) ও সদস্য-সচিব, কেন্দ্রীয় ভর্তি পরীক্ষা
কমিটি ২০২০-২০২১, মাভাবিপ্রবি, ফোন : ০৯২১-৬২১২৮ (অফিস)